# আরইবি এক্স অফিসার্স এসোসিয়েশন
# REB Ex Officers Association (REOA)

স্মারক নং-REOA/EC/2025/006 তারিখ:২৪/৬/২০২৬

**বিষয়: REOA এর নির্বাহী কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী:**

বিগত ২৪/০৬/২৬ ইং বুধবার সকাল ১০-৩০ টায় REB সদর দপ্তর এর ব্যাংক ভবনস্থ নীচ তলায় ক্রিসকপ/অবসরপ্রাপ্তদের জন্য নির্ধারিত কক্ষ তে REOA নির্বাহী কমিটির ৪ র্থ সভা অনুষ্টিত হয়।গত ২ সপ্তাহ ধরে অবিরাম প্রচেষ্টায় আসন্ন ঈদ পূনর্মিলনী ও প্রীতভোজ অনুষ্ঠানে ১১৪ জনের রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট কমিটিকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য সাধারণ সম্পাদক কে আমন্ত্রণ জানান ।

উপস্থিত সকলের প্রানবন্ত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তবলি গৃহীত হয়:

১) ৩য় সভার কার্যবিবরনী নিশ্চিতকরণ :

সাধারণ সম্পাদক উপস্থাপন করেন এবং নিশ্চিত করা হয় ।

২) প্রয়াত ও অসুস্থ সদস্য / সহকর্মীদের দের জন্য দোয়া :

দোয়া পরিচালনা করেন সহসভাপতি শাহনেওয়াজ খাঁন

৩) ২৭-০৬-২৬ তারিখেঅনুষ্টিতব্য ঈদ পুনর্মিলনী ও প্রীতিভোজ এরআকর্ষণীয় ও সফল আয়োজনে সার্বিক প্রস্তুতি বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত:

ক) অংশগ্রহণকারীর সংখ্যা রেস্তোরাঁ কর্তৃপক্ষ কে কমিটি কর্তৃক জানিয়ে দেয়া হবে ।

খ) অংশগ্রহণকারী ১১৪ জনের মধ্যে ২৯ জন spouse রয়েছেন।ভবিষ্যতে এ সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে REOA সাধারণ তহবিল হতে Wellcome Gift প্রদান করা হবে ।

গ) অনুষ্ঠানের স্বার্থে কিছু আসন সংরক্ষণ করা হবেএবং কথা বলার জন্য হ্যান্ড মাইকের ব্যবস্থা থাকবে।

ঘ) রাত ৯ টার মধ্যে নৈশভোজ ও পরস্পর ভাব আদান প্রদান শেষ করতে হবে ।

ঙ) সংক্ষিপ্ত বক্তব্যের পর মোনাজাত পূর্বক র‍্যাফেল ড্র ও পুরস্কার বিতরণ করা হবে ।শেলটেক টেকনোলজি লি: এর পক্ষ থেকে ১ম ,২য় ও ৩য় পুরস্কার এবং SS Energy Power Engg Ltd এর পক্ষ থেকে অপর ৭টি পুরস্কার প্রদানে সম্মত হওয়ায় তাদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয় ।

চ) অনুষ্ঠানের লাইভ ভিডিও সম্প্রচার হবে।দায়িত্বে থাকবেন জনাব সামাদ, জনাব শাহ আলম এবং জনাব শামীম ।

ছ) রাত ১০ টার মধ্যে অনুষ্ঠান সমাপ্ত হবে ।

৪) কল্যাণ কমিটির আহবায়ক কতৃক প্রণীত খসড়া নীতিমালা উপস্থাপন :

ঈদের ছুটি ও আসন্ন পূনর্মিলনী অনুষ্ঠানের ব্যস্ততার কারণে খসড়া চূড়ান্ত হয়নি বলে পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থাপন করার জন্য কমিটিকে সময় দেওয়া হয় ।

৫) মৃত ও অনুৎসাহী কর্মকর্তাদের সাধারণ সদস্য পদ প্রদান বিষয়ক:

ক) REOA এর আনুষ্ঠানিক যাত্রার পূর্বের মৃত কর্মকর্তাগনকে সাধারণ সদস্য পদ প্রদানের সুযোগ নেই ।সকল অবসরপ্রাপ্ত কর্মকর্তাগনের স্মৃতি রক্ষার্থে প্রকাশিতব্য ডাইরেক্টরীতে তাঁদেরকে যথাস্থানে সন্নিবেশ করা হবে ।

খ) যাঁবা তথ্য প্রদানে উৎসাহিত হচ্ছেন না,তাঁদেরকে বিভিন্ন উৎস হতে তথ্য সংগ্রহ করে সাধারণ সদস্য করা হবে এবং অতপরঃসাংগঠনিক কমিটি আজীবন সদস্য করতে উদ্‌বুদ্ধ করবে ।

৫) তহবিল এর আপডেট ও সম্প্রসারণ বিষয়াদি:

কোষাধ্যক্ষ সভায় সকলকে অবহিত করেন এবং তহবিল সংগ্রহ জোরদার করতে সকলকে অনুরোধ করা হয় ।

৬) সদস্য সংগ্রহ এর অগ্রগতি:

উপরোক্ত সিদ্ধান্ত ৫খ অনুযায়ী কার্যক্রম ত্বরান্বিত করতে হবে ।

৭) সদস্যদের তথ্য ডিজিটালাইজেশন ও ডাইরেক্টরি প্রণয়ন এর অগ্রগতি :

উপরোক্ত ৫ক অনুযায়ী প্রাথমিক তালিকা পাওয়ার পর একটি কমিটির মাধ্যমে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

৮) বিবিধ বিষয়াদি :

কোন সদস্য মৃত্যুবরণ করলে নির্বাহী কমটির পক্ষ থেকে কেন্দ্রীয় ভাবে বা আঞ্চলিক ভাবে পরিবারের সাথে যোগাযোগ করা হবে ।

আর আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

এস এম জাফর সাদেক
সাধারন সম্পাদক

মো: নূরুল ইসলাম ভূঞা
সভাপতি